

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়  
শিশু ও সমন্বয় অনুবিভাগ  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
www.mowca.gov.bd

স্মারক নং-৩২.০০.০০০০.০৪১.২৫.০০৫.১৯.২১৮

তারিখ: ২১.০৯.২০২৩

বিষয়ঃ নীলফামারী জেলা শিশু একাডেমির কার্যালয় পরিদর্শন প্রতিবেদন।


বিগত ১৬/০৯/২০২৩ তারিখ বিকাল ০৪.০০ ঘটিকায় নীলফামারী জেলা শিশু একাডেমি সরেজমিন পরিদর্শন করি। পরিদর্শনকালে বাংলাদেশ শিশু একাডেমির মহাপরিচালক জনাব আনজির লিটন, নীলফামারী জেলা শিশু বিষয়ক কর্মকর্তা জনাব মোঃ ইমরান মিঞা, নীলফামারী মহিলা বিষয়ক অধিদপ্তর এবং জেলা প্রশাসনের অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

০২। জেলা শিশু একাডেমি বর্তমানে শহরের হাসপাতাল রোডস্থ শান্তিনগর এলাকায় একটি দ্বিতল ভাড়াবাড়ীতে অবস্থিত। ইতোপূর্বে জেলা শিশু একাডেমির কার্যক্রম শহরের শাহীপাড়া এলাকাস্থ নিজস্ব ভবন বিডি হল প্রাংগণ থেকে পরিচালিত হতো। বিডি হল স্বাধীনতা পূর্বকালে নির্মিত একটি অতি প্রাচীন ভবন। দীর্ঘদিন কোন মেরামত/সংস্কার না হওয়ায় ভবনটি ব্যবহার অনুপযোগী ও ঝুঁকিপূর্ণ হওয়ায় জেলা প্রশাসনের সিদ্ধান্তক্রমে ২০১৯ সালে শিশু একাডেমির কার্যক্রম বিডি হল প্রাংগণ থেকে ভাড়াবাড়ীতে স্থানান্তর করা হয়।

০৩। সরেজমিন পরিদর্শনে দেখা যায় যে, উল্লেখিত বিডি হল ভবনটি অতি জরাজীর্ণ ও পরিত্যক্ত অবস্থায় আছে। ভবনটি মোট ৫৫ শতক ভূমির উপর অবস্থিত কিন্তু চতুর্পাশে কোন সীমানা প্রাচীর বা বেটনী না থাকায় ইতোমধ্যে কিছু ভূমি বেদখল হয়ে যাওয়ায় উপক্রম হয়েছে। তাছাড়া দীর্ঘদিন যাবত ভবনটি পরিত্যক্ত ও বেটনী বিহীন থাকায় এখানে নানাবিধ অসামাজিক তৎপরতার সুযোগ সৃষ্টি হয়েছে এবং অন্যান্য বিভিন্ন দপ্তর/সংস্থা ও ভবনটি নিজস্ব প্রয়োজনে ব্যবহারের চেষ্টা করছে।

০৪। মন্তব্য/সুপারিশঃ

- (i) জেলা প্রশাসন, জেলা পরিষদ বা শিশু একাডেমির নিজস্ব তহবিল থেকে ভবনটির সীমান প্রাচীর বা কাটাতারের বেটনী ও গেট নির্মাণের জরুরী উদ্যোগ গ্রহণের জন্য জেলা শিশু বিষয়ক কর্মকর্তা কে অনুরোধ করা হলো।
- (ii) প্রস্তাবিত ১৭টি ভবন নির্মাণের প্রকল্পে নীলফামারী জেলা অন্তর্ভুক্ত না হয়ে থাকলে গণপূর্ত বিভাগের সাথে দ্রুত ডিজিটাল সার্ভে/নকশা ও প্রাক্কালন প্রস্তুতক্রমে ভবন নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি কে অনুরোধ করা হলো।



(মোঃ মুহিবুজ্জামান)

অতিরিক্ত সচিব

সচিব

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপিঃ অবগতি/কার্যার্থে:

০১। মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা।

০২। জেলা প্রশাসক, নীলফামারী।

০৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৪। জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, নীলফামারী।